

আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র

আকবরপুর, মৌলভীবাজার

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, আকবরপুর, মৌলভীবাজার ১৯৮২ সালে পূর্বাঞ্চল তথা বৃহত্তরসিলেটের কৃষি গবেষণা ও উন্নয়নের জন্য প্রতিষ্ঠিত হয়। মনোরম চা বাগান, হাওড় ও পাহাড় ঘেরা অত্যন্ত নৈসর্গিক ও দৃষ্টিনন্দন পরিবেশে ৪১.৭০ হেক্টর জমির উপর কেন্দ্রটি অবস্থিত। বিচিত্র উদ্ভিদ ও ফল বাগানের সংগ্রহ ও সংরক্ষণ কেন্দ্রটিকে দেশের অন্যতম জার্মপ্লাজম সেন্টারে পরিণত করেছে। এই কেন্দ্রটি বিভিন্ন ফল ও সব্জির উন্নত জাত উদ্ভাবন, বংশবিস্তার, উৎপাদন প্রযুক্তি, রোগবালাই ও পোকামাকড় ব্যবস্থাপনা, উন্নতজাতের চারা ও কলম সরবরাহসহ প্রযুক্তি হস্তান্তর ও প্রশিক্ষণ ইত্যাদি বহুমুখী কর্মকান্ডের মাধ্যমে কৃষি ক্ষেত্রে অবদান রেখে চলেছে।

আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, আকবরপুর, মৌলভীবাজার হতে আম, কাঁঠাল, লিচু, পেয়ারা, বাতাবিলেবু, লটকন ও কামরাঙার ৮ টি উন্নত জাত উদ্ভাবিত হয়েছে এবং জারালেবু, বাতাবিলেবু, অমৌসুমী কাঁঠাল ও লুকলুকির নতুন জাত মুক্তায়নের অপেক্ষায় রয়েছে।

বিগত তিন অর্ধবছরে ফলের ২১ টি অগ্রবর্তী লাইন/জাত হিসেবে অবমুক্তির প্রক্রিয়ায় আছে। উক্ত ফসলসমূহের ১২৫টি জার্মপ্লাজম সংগ্রহ করা হয়েছে। বিগত তিন বছরে বিজ্ঞানী, সম্প্রসারণ কর্মকর্তা/কর্মী ও এনজিও কর্মী এবং কৃষকসহ মোট ১১৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উদ্বুদ্ধকরণ ভ্রমণ, সেমিনার/ ওয়ার্কশপের মাধ্যমে ৫১৯৫ জনকে উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে অবহিত করা হয়েছে।

কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. ফল ও সব্জির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ

কার্যাবলি (Functions)

১. ফসলের জার্মপ্লাজম সংগ্রহ, সংরক্ষণ ও উন্নয়ন, সংকরায়ন, মূল্যায়ন এবং জাত অবমুক্তিকরণ
২. উন্নত ও আধুনিক উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন করা
৩. উদ্ভাবিত জাত সমূহের প্রজনন বীজ/চারা/কলম উৎপাদন
৪. প্রযুক্তি হস্তান্তরের জন্য প্রশিক্ষণ, উপযোগিতা পরীক্ষণ, কর্মশালা, মাঠ দিবস ইত্যাদির আয়োজন
৫. কেন্দ্রের মানব সম্পদ উন্নয়ন, প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা

ঢ়্যালেক্সসমূহ

আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, আকবরপুর, মৌলভীবাজার প্রতি বছর সবজি ও ফলের উল্লেখযোগ্য সংখ্যক উন্নত জাত ও প্রযুক্তি (উৎপাদন পদ্ধতি, মৃ্ত্তিকাও পানি ব্যবস্থাপনা, রোগবালাই দমন ব্যবস্থাপনা, ফসল সংগ্রহ ও সংগ্রহোত্তর ব্যবস্থাপনা) উদ্ভাবনে গবেষণা করে থাকে। এই বিশাল পরিসরে গবেষণা পরিচালনার জন্য এই কেন্দ্রের জনবল ও আর্থিক বরাদ্দ প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। বিজ্ঞানীদের দক্ষতা বৃদ্ধির জন্য পর্যাপ্ত সংখ্যক দেশি/বিদেশি এম এস., পিএইচ ডি, ফেলোশীপ, প্রশিক্ষন ইত্যাদির ব্যবস্থা নেই। এই কেন্দ্রে অবকাঠামোগত দুর্বলতা, উন্নত ল্যাব সুবিধাদির অভাব রয়েছে। বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় টেকসই প্রযুক্তি ও জনবল নেই। এ গবেষণা কেন্দ্রের প্রধানচ্যালেঞ্জগুলো হচ্ছে-মাঠ তদারকি ও গবেষণার জন্য জনবলের অভাব,অপ্রতুলআর্থিক বরাদ্দ দ্বারা উন্নত জাত ও প্রযুক্তি উদ্ভাবন করা; মাটি ও পানির সর্বোত্তম ব্যবহার পূর্বক ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিতথা কৃষকের আর্থসামাজিক অবস্থার উন্নত করা; ফল ও সবজি উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব (খরা, মাটির অমস্বতা, নতুন নতুন পোকামাকড় এবং রোগবালাই এর প্রাদুর্ভাব ইত্যাদি) মোকাবেলা করা।

Contact:

Dr. S M Shrifuzzaman

Chief Scientific Officer & Head

Phone: 0861-53462

Mobile: 01552329130

E-mail: cso.akbor@bari.gov.bd